180

দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 NOV [illegible]
পৃষ্ঠা ২ কলাম ৩

অব্যাহত রয়েছে।

# কে এই প্রশ্নকর্তা?

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** কে এই প্রশ্নকর্তা— এই প্রশ্ন উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রশিক্ষক মহলে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রথম বর্ষ (সম্মান) ফাইনাল পরীক্ষার 'সরকার ও রাজনীতি' কোর্সের সাত নম্বর প্রশ্নে বলা হয়েছে— 'বাংলাদেশ সরকারের সাথে পার্বত্য চট্টগ্রামের চাকমা উপজাতির একাংশের দ্বিপাক্ষিক চুক্তির পর বাংলাদেশ সরকারকে তুমি কিভাবে বিন্যাস করবে।' এই প্রশ্নপত্রের আরও কয়েকটি প্রশ্ন আছে যা নিয়ে ক্যাম্পাসে বিতর্কের ঝড় উঠেছে।

এই কোর্সের ৫ নম্বর প্রশ্নে বলা হয়েছে— 'তুমি কি মনে কর এই মুহূর্তে বাংলাদেশের রাজনীতিতে সরাসরি মিলিটারি হস্তক্ষেপ আসন্ন, পুরো প্রশ্নপত্রে একটি উস্কানির ছাপ রয়েছে বলে ক্যাম্পাসে বিজ্ঞজনরা মনে করছেন। এই প্রশ্ন কর্তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। আইন বিভাগের পরীক্ষা কমিটির চেয়ারম্যান তাসলিমা মনসুর। বিশ্বস্ত সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতিতে সাদা দলের জামায়াত অংশের একজন সক্রিয় সদস্য এই প্রশ্ন করেছেন। আইন বিভাগের বর্তমান চেয়ারম্যান ড. মিজানুর রহমান এই প্রশ্ন সম্পর্কে প্রতিক্রিয়া বক্ত করতে গিয়ে বলেন, এটা দুঃখজনক ও নিন্দনীয়। তিনি বলেন, ছাত্রদেরকে কোন শিক্ষকের এভাবে প্রভাবিত করা উচিত নয়। দলীয় প্ল্যাটফরমে থেকে কেউ এ ধরনের কথা বলছে না, অথচ একজন শিক্ষক হয়ে এভাবে প্রশ্ন করাকে তিনি এক ধরনের ষড়যন্ত্র হিসাবে আখ্যায়িত করেন।